



সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট  
Sylhet Agricultural University, Sylhet

ফোন: ০২-৯৯৬৬৪১৯৩০

ফ্যাক্স: ০২-৯৯৬৬৪২০৮১

ই-মেইল: registrar@sau.ac.bd

স্মারক নং: রেজিঃ কার্যা/শিক্ষা/কৃষি গুচ্ছভিত্তিক কেন্দ্রীয় ভর্তি কমিটি-৫৬২.১(পা.ফা.)/২০২৩/৩৫৭

তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক শ্রেণীর কৃষিগুচ্ছ ভর্তি পরীক্ষায় ৩য় অটোমাইগ্রেশন সম্পন্ন করার পর শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকার প্রার্থীদের মেধাক্রম অনুযায়ী প্রাপ্ত ডিগ্রি/বিষয় ও বিশ্ববিদ্যালয়ের নামসহ ফলাফল প্রকাশ।

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক শ্রেণীর কৃষিগুচ্ছ ভর্তি পরীক্ষায় ৩য় অটোমাইগ্রেশন সম্পন্ন করার পর শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকার স্থানপ্রাপ্ত প্রার্থীদের মেধাক্রম এবং পছন্দক্রম অনুসারে প্রাপ্ত ডিগ্রি/বিষয় এবং বিশ্ববিদ্যালয়ের নামসহ ফলাফল প্রকাশ করা হলো।

তৃতীয়বার অপেক্ষমান তালিকার মধ্যে যারা ভর্তির জন্য নির্বাচিত হয়েছেন তাদেরকে ভর্তির প্রার্থীতা নিশ্চিত করার জন্য ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (acas.edu.bd) গিয়ে অনলাইনে ফরমের নির্ধারিত স্থানে প্রদত্ত নির্দেশনা মোতাবেক মোবাইল ব্যাংকিং, অনলাইন ব্যাংকিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডের যে কোন একটির মাধ্যমে আগামী ০১-১০-২০২৩ থেকে ০৪-১০-২০২৩ তারিখের মধ্যে ভর্তি ফি-এর প্রথম অংশ টাকা: ১০,০০০/- (দশ হাজার) মাত্র (অফেরতযোগ্য) জমা দিয়ে ভর্তি হওয়ার আহ্বাহ নিশ্চিত করা ও ভর্তির প্রাথমিক ধাপ সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত পরিমাণ অর্থ জমা না দিলে উক্ত আসন শূন্য গণনা করা হবে।

শূন্য আসনের জন্য (যদি থাকে) অটোমাইগ্রেশন স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন হবে। অটোমাইগ্রেশন বন্ধ করতে চাইলে ওয়েবসাইট (acas.edu.bd) গিয়ে সাইন ইন করে প্রার্থী তা করতে পারবেন।

ভর্তির প্রাথমিক ধাপ সম্পন্ন করা প্রার্থীদেরকে অটোমাইগ্রেশনের পর আগামী ০৮-১০-২০২৩ থেকে ১০-১০-২০২৩ তারিখ পর্যন্ত প্রাপ্ত নিজ নিজ বিশ্ববিদ্যালয়ে গিয়ে ঐ বিশ্ববিদ্যালয়ের জন্য প্রযোজ্য ভর্তি ফি এর সাথে পূর্বে জমাকৃত ১০,০০০.০০ (দশ হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য) সমন্বয় করা এবং মূল ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও কোটা ডকুমেন্টস (প্রযোজ্য ক্ষেত্রে) জমা দিয়ে ভর্তির কার্যক্রম চূড়ান্ত করা। এর কোনোরূপ ব্যত্যয় হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

কেন্দ্রীয় ভর্তি কমিটির সভাপতি মহোদয়ের আদেশক্রমে,

**স্বঃ**

(মো. বদরুল ইসলাম)

রেজিস্ট্রার

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট

ও

সদস্য-সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি

কৃষি গুচ্ছ/সমন্বিত ভর্তি ২০২২-২০২৩

সংযুক্তি: ফলাফল ০১(এক) পাতা।

স্মারক নং: রেজিঃ কার্যা/শিক্ষা/কৃষি গুচ্ছভিত্তিক কেন্দ্রীয় ভর্তি কমিটি-৫৬২.১(পা.ফা.)/২০২৩/৩৫৭

তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি (সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সদস্য-সচিব, টেকনিক্যাল কমিটি, কৃষিগুচ্ছ ভর্তি পরীক্ষা ২০২২-২০২৩ (কৃষিগুচ্ছ ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ২। চেয়ারম্যান, আইসিটি সেল, সিকুবি, সিলেট (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৩। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), সিকুবি, সিলেট।
- ৪। অফিস কপি।

**BL**  
(মো. বদরুল ইসলাম)

রেজিস্ট্রার

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট

ও

সদস্য-সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি

কৃষি গুচ্ছ/সমন্বিত ভর্তি ২০২২-২০২৩